



বাংলাদেশ গেজেট

অভিযোগ নং ১৩

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মদনবার, জুন ৬, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শহুর বিষয়ক নিয়ন্ত্রণ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪শে জৈষ্ঠ, ১০৯৬/৬ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও ১৭৯-আইন/৮৯—Waqfs Ordinance, 1962 (E. P. Ord. I of 1962) এবং Section 104 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিচৰূপ বিধিমালা প্রকল্প করিলেন, যথা :—

প্রথম অধ্যায়

নচনা

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।—(১) এই বিধিমালা বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ওয়াকফ প্রশাসনের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিরোজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিরোজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই বিধিমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরীর শর্ত বা ক্ষেত্রাত চুক্তিতে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

২। নচনা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থ কিছু না থাকিলে, এই বিধিমালার।—

(ক) “অধ্যাদেশ” বলিতে Waqfs Ordinance, 1962 (E. P. Ord. I of 1962) কে বুঝাইবে;

(খ) “অসদাচারণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা—

(১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অন্তর্বরণ;

(‘৪৭৩৯)

মূল্য : টাকা ২০.৮০

- (২) কর্তব্যে অবহেলা ;
- (৩) কোন আইনসংগত কারণ বাতিলেকে ওয়াকফ প্রশাসনের কোন আদেশ, পারিপন্থ অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন, এবং
- (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিবরণে বিচার বিবেচনাহীন, বিবরাঙ্কিকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ ;
- (গ) “ওয়াকফ প্রশাসন” বলিতে অধ্যাদেশের Section 7 এর অধীন নিযুক্ত Administrator of Waqfs কে বুঝাইবে ;
“উপ-প্রশাসক” বলিতে অধ্যাদেশের Section 13 এ উল্লিখিত Deputy Administrator কে বুঝাইবে ;
- (ঘ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই বিধিমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিপেত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে ;
- (ঙ) “ওয়াকফ প্রশাসন” বলিতে অধ্যাদেশের Section 11 এর অধীন Corporation sole কে বুঝাইবে ;
- (ট) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাইবে, এবং তফসিলের ক্রমিক নং ২ ও ৩-এ উল্লিখিত পদ ধারীদের ক্ষেত্রে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উত্থৰ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ছ) “কর্মকর্তা” বলিতে ওয়াকফ প্রশাসনের কোন কর্মকর্তাকে বুঝাইবে ;
- (জ) “কর্মচারী” বলিতে ওয়াকফ প্রশাসনের স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (ঝ) “তফসিল” বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;
- (ঝঁ) “ডিপ্রী” বা “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” বলিতে ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত বোড কর্তৃক প্রদত্ত ডিপ্রী, ডিপ্লোমা, বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে ;
- (ঠ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে—
- (অ) তফসিলের ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে সরকারকে বুঝাইবে এবং কোন পদে নিয়োগের জন্য সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে ; এবং
- (আ) তফসিলের অন্যান্য পদের ক্ষেত্রে, ওয়াকফ প্রশাসককে বুঝাইবে ;
- (ঠ) “পদ” বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে ;
- (ড) “প্লায়ান” বলিতে বিনা অনুমতিতে ঢাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদুদ্ধৰ্ব সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতার অনুমোদিত মেরাদের পর ষাট দিন বা তদুদ্ধৰ্ব সময় পুনঃ অনুমতি গ্রহণ বাতিলেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং ত্রিশ দিন বা তদুদ্ধৰ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পুর ষাট দিন বা তদুদ্ধৰ্ব সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;

- (চ) "প্রয়োজনীয় যোগাতা" বলিতে কোন পদের বিপরীতে উল্লিখিত যোগাতাকে বুঝাইবে;
- (ণ) "বাছাই কর্মিটি" বলিতে বিধি ৪ এর অধীন গঠিত কোন বাছাই কর্মিটিকে বুঝাইবে;
- (ত) "সহকারী প্রশাসক" বলিতে অধ্যাদেশের Section 13 এ উল্লিখিত Assistant Administrator কে বুঝাইবে;
- (থ) "স্বীকৃত ইনসিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে বিধিমালার উদ্দেশ্য প্রযৱকল্পে ওয়াকফ প্রশাসন কর্তৃক স্বীকৃত কোন ইনসিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
- (দ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য প্রযৱকল্পে, ওয়াকফ প্রশাসন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে; এবং
- (ধ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য প্রযৱকল্পে ওয়াকফ প্রশাসন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

নিবৃত্তীয় অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পক্ষতি।—(১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পক্ষতিতে নিয়োগ দান করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোমূর্তির মাধ্যমে;

(গ) প্রেৰণে;

(২) কোন বাণ্ডি কোন ওয়াকফ সম্পত্তির মোতওয়ালী ইহালে বা উহাতে তাহার কোন প্রকার স্বার্থ থাকিলে তাহাকে কোন পদে নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদের জন্য কোন বাণ্ডির প্রয়োজনীয় যোগাতা না থাকিলে এবং, সরাসরি নিয়োগের ফলে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়সীমার মধ্যে না হইলে, তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না।

৪। বাছাই কর্মিটি।—(১) উপ-প্রশাসক ও সহকারী-প্রশাসক পদে পদোমূর্তির মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে সরকার একটি বাছাই কর্মিটি গঠন করিবে।

(২) উপ-বিধি (১) উল্লিখিত পদসমূহে বাতীত অন্যান্য পদে নিয়োগ দানের উদ্দেশ্যে অধ্যাদেশের Section 19 এর অধীন প্রতিষ্ঠিত Waqf Committee তিনজন সদস্য সমন্বয়ে একটি বাছাই কর্মিটি গঠন করিবে; এই বাছাই কর্মিটিতে ওয়াকফ প্রশাসক চেরাগয়ান হিসাবে এবং একজন উপ-প্রশাসক সদস্য হিসাবে থাকিবেন।

৫। সরাসরি নিয়োগ।—(১) কোন বাণিজ কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপর্যুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন বাণিজকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত বাণিজকে ওয়াকফ প্রশাসন কর্তৃক এতদ্দেশ্যে নিয়ন্ত্রিত চিকিৎসা-পর্বত বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপর্যুক্ত বিলিয়া প্রত্যায়ন করেন।

(খ) এইরূপ নির্বাচিত বাণিজের প্রবৃক্ষ-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, ওয়াকফ প্রশাসনের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ উক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া প্ররূপ করা হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মিটির সম্পাদনার ভিত্তিতে নিয়োগদান করিবে।

৬। শিক্ষানবিস। (১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত বাণিজগণ ছয় মাসের জন্য শিক্ষানবিস থাকিবেন :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন বাণিজের ক্ষেত্রে উক্ত মেয়াদ অনুর্ধ্ব ছয় মাসের জন্য বাস্তু করিতে পারিবে।

(২) কোন বাণিজকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরামীকায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) বিধি ১৭ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মিটি কর্তৃক এতদ্দেশ্যে বাছাইকৃত প্রাপ্তীর তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন বাণিজের চাকুরীর ব্যক্তি (Service Record) সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বিলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেৰণে নিয়োগ।—তৎসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে প্রেৰণে নিয়োগের ক্ষেত্রে, কোন সরকারী বা কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন উপর্যুক্ত কর্মচারীকে সরকার তৎকর্তৃক নির্ধারিত শর্তাধীনে, নিয়োগ করিতে পারিবে।

৯। উপ-প্রশাসক ও সহকারী প্রশাসক পদে নিয়োগ।—তৎসিলের বিধানাবলী সাপেক্ষে, ক্ষেত্র-প্রশাসক ও সহকারী-প্রশাসক পদে নিয়োগদানের ক্ষেত্রে সরকার ওয়াকফ প্রশাসকের সাহিত পরামর্শক্রমে, নিয়োগদান করিবে।

কৃতীর অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

১০। ওয়াকফ প্রশাসকের কর্তৃত—উপ-প্রশাসক ও সহকারী প্রশাসকসহ অন্য সকল কর্মচারী ওয়াকফ প্রশাসকের অধিস্তন কর্মকর্তা বা কর্মচারী হিসাবে গণ্য হইবেন এবং তাহারা ওয়াকফ প্রশাসক কর্তৃক নির্দেশিত দায়িত্ব পালন করিবেন।

১১। যোগদানের সময়—(১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, একই পদ বা কোন ন্যূন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পন্থার ভমণে প্রক্রিয়কে অতিবাহিত সময়ঃ
তবে শর্ত থাকে যে, এই উপ-বিধি অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে
সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বেক্ষণে বদলীর ফলে বদলীক ত
কর্মচারীকে তাহার ন্যূন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না,
সেক্ষেত্রে ন্যূন কর্মস্থলে যোগদানের জন্য একদিনের বেশী সময় দেওয়া হইবে না, এবং এই
উপ-বিধির উদ্দেশ্য প্রণয়কল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত
করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (১) ও (২) এর অধীন আপা
যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য বদলী হইলে, অথবা চাকুরীস্থল
পরিবর্তন করিতে হয় এমন কেন ন্যূন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার প্রার্তন চাকুরীস্থল
হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা
উক্ত কর্মচারীর অধিকতর সুবিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য
পদে যোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে, মেডিকেল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ
করিলে, তাহার দারিদ্র্যভাব হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত
হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর বাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই বিধির
বিধানবলী অপর্যাপ্ত প্রত্যোগিতা হইলে সেইক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেআর প্রযোজা বিধি
বা আদেশ প্রযোজনীয় অভিযোগসহ প্রযোজা হইবে।

১২। বেতন ও ভাতা—সরকার বিভিন্ন সময়ে যেৱে প্রিয় নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও
ভাতা সেৱপ হইবে।

১৩। প্রার্থিক বেতন—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত
পদের জন্য নির্ধারিত বেতনক্ষেত্রে সর্বনিম্ন স্তরই হইবে তাহার প্রার্থিক বেতন।

(২) সংশ্লিষ্ট বাছাই কমিটির স্প্রারিশ থাকিলে কোন বাস্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ উচ্চতর প্রার্থনাক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে তদন্তসারে ওয়াকফ প্রশাসনের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১৪। পদোন্নতির ক্ষেত্রে বেতন—কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার প্রার্থন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার প্রার্থন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১৫। বেতন বর্ধন—(১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা বে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে এক সংগে অনধিক দাঁইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সৰ্বনির্দিষ্ট মঙ্গুরী বাতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহিত উপরের বেতন অনুমোদন করা যাইবে না, এইরূপ মঙ্গুরীর ক্ষেত্রে এই নর্ম প্রতিবেদনকারী কর্মকর্তারা স্প্রারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজক্ষম দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত ছিল।

১৬। জোট্টতা—(১) এই প্রতিধানের অন্যান্য বিধানবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জোট্টতা সেই পদে তাহার ঘোদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা-তালিকাভিত্তিক স্প্রারিশ অন্তসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জোট্টতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণ জোট্ট হইবেন।

(৪) একাধিক বাস্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জোট্টতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জোট্টতা স্থির করা হইবে।

(৫) ওয়াকফ প্রশাসন ইহার কর্মচারীদের হেড-ওয়ারী জোট্টতা তালিকা বঙ্গবেশ্বর করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Governments Servants (Seniority of the Fridom Fighters) Rule, 1979-এর বিধানসম্মত, উহাতে প্রয়োজনীয় অভিযোগনসহ, ওয়াকফ প্রশাসনের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৭। পদোন্নতি—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যোষ্ঠতার কারণে কোন বাস্তু অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর ব্যাপ্তি সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের ঘোষ বিলিয়া বিবেচিত হইবেন না।

(৪) Modified New Scale of Pay-এর অধীন টাকা ৩৭০০—৪৮২৫ ও তদৰ্শ বেতনক্রমের পদসম্মত মেধা—তথ্য জ্যোষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দেওয়া হইবে।

(৫) কোন কর্মচারীকে, বাতিতুমী ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব কর্তব্যান্বিষ্ট এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে, পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৮। প্রেষণ ও প্রবর্তন—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ ঘনি মনে করে যে কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশংসন অন্য কোন সংস্থা, অত্যপৰ হাওলাত গ্রহণকারী সংস্থা বিলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরস্পরের মধ্যে সম্মত মেয়াদে ও শর্তাবধীনে উক্ত সংস্থার কোন পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে:

তলে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি বাতিলেরকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না;

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ওয়াকফ প্রশাসনের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা বহিয়াছে বিলিয়া ওয়াকফ প্রশাসনকে অবহিত করিলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নান্ত বিষয়সম্মত অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল, বাতিতুমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) ওয়াকফ প্রশাসনের চাকুরীতে উক্ত কর্মচারীর প্রবর্তন থাকিবে এবং প্রেষণের মেয়াদ অন্তে, অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি ওয়াকফ প্রশাসনে, প্রত্যাবর্তন করিবেন; এবং

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্যৎ তহবিল ও পেনশন, ঘনি থাকে বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিষ্ঠচর্তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি ওয়াকফ প্রশাসনে পদোন্নতির জন্ম বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিবরণটি অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে। এবং পদোন্নতি কার্যকর করিবার জন্ম তাহাকে ওয়াকফ প্রশাসনে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করারা উল্লেখ্য নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে, উপ-বিধি (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত ঘোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে; এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই Next Below Rule অনুযায়ী পদোন্নতির প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থার প্রেষণে থাকাকালে পদোন্নতিভিন্ন কোন আর্থিক সুবিধা পাইবেন কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ ও উক্ত সংস্থার পরস্পরের সম্মতিক্রমে সিদ্ধান্তিকৃত হইবে।

(৭) শ্রত্যন্তমান্তরে ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিবরণে শ্রত্যন্তমান্তরে কার্যক্রম সংচালন করার উল্লেখ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শ্রত্যন্তমান্তরে কার্যক্রম সংচালন করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা নিয়োগকারী কর্তৃপক্ষকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিবরণে সূচিত শ্রত্যন্তমান্তরে কার্যধারার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করেন যে, যাহার উপর কোন দন্ত আয়োপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর নিয়োগকারী কর্তৃপক্ষ মেইরূপ প্রয়োজন বলয়া মনে করেন সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতৃত্ব অধ্যায়

ছৃষ্টি, ইত্যাদি

১৯। বিভিন্ন প্রকারের ছৃষ্টি—(১) কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ধরণের ছৃষ্টি প্রাপ্তিবেন, যথা :—

- (ক) প্রাণ বেতনে ছৃষ্টি;
- (খ) অধ্যবেতনে ছৃষ্টি ;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছৃষ্টি ;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি ;
- (ঙ) সংগৃহোদ ছৃষ্টি ;
- (চ) প্রস্তুতি ছৃষ্টি ;
- (ছ) অধ্যয়ন ছৃষ্টি ; এবং
- (জ) নৈমিত্তিক ছৃষ্টি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঙ্গল করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সহিত সংঘর্ষ করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) নিয়োগকারী কর্তৃপক্ষের প্র্ব অন্তর্মোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঙ্গল করিতে পারে।

২০। প্র্ব বেতনে ছুটি—(১) প্রতোক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্য দিবসের ১/১১ হারে প্র্ব বেতনে ছুটি অর্জন করিবেন এবং প্র্ব বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি প্রথক খাতে জমা দেখানো হইবে, ডাঙ্কারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিনী ধর্মীয় সফর, অধ্যয়ন, বা অবকাশ ও চিকিৎসনের জন্য, উক্ত জমাকৃত ছুটি হইতে প্র্ব বেতনে ছুটি মঙ্গল করা যাইতে পারে।

২১। অর্ধ-বেতনে ছুটি—(১) প্রতোক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যান্তরিম দিবসের ১/১২ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডাঙ্কারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে এক দিনের প্র্ব বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে প্র্ব বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এইরূপ রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড় বেতনে বার মাস।

২২। প্রাপ্তাত্তিবিহীন ছুটি—(১) ডাঙ্কারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে, হইলে, তিন মাস পর্যন্ত, অর্ধ-বেতনে প্রাপ্তাত্তিবিহীন ছুটি মঙ্গল করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার প্রবেই প্রাপ্তাত্তিবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত ন্তুনভাবে উপ-বিধি (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২৩। বিনাবেতনে অসাধারণ ছুটি—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনাবেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গল করা যাইতে পারে।

(২) বিনাবেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বৃদ্ধির্ত করা যাইতে পারে, যথা—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অন্যমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি ওয়াকফ প্রশাসনে চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্গে সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বাহির্ভূত কারণে কর্তব্যে বোগদান করিতে অসমর্থ।

(৩) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিলা ছুটিতে অনুগতিস্থিতির সময়কে ড্রাফ্টপেক্ষা কার্যকরভাবে বিনাবেতনে অসাধারণ ছুটিতে উপর্যুক্তিরিত করিতে পারেন।

২৪। বিশেষ অক্ষমতাজনিত ছুটি—(১) কোন কর্মচারী তাহার বিলা ছুটিতে অধিকারীর সময়কে ড্রাফ্টপক্ষে কার্যকরভাবে বিনাবেতনে অসাধারণ ছুটিতে উপর্যুক্তিরিত করিতে পারেন।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয়' সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে বাস্তি অক্ষম হন, সেই বাস্তি উভ অক্ষমতার কারণে অবিলম্বে উপর্যুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারে।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রযোজনীয় বলিয়া এতদ্বিদ্বাদে নিযুক্ত চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যায়ন করিবে সেই মেয়াদের জন্য উভ ছুটি মঙ্গুর করা হইবে, উভ চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যায়ন বাস্তিরেকে তাহা বর্ধিত করা হইবে না, এবং এইরূপ ছুটি কোনক্রমে ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি পরবর্তীকালে কোন সময় প্রবের্ষের অক্ষমতা বর্ণিত পাওয়া বা উহার প্রয়োজনীয়তা ঘটে, তাহা হইলে একাধিক বার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিক-বারে মঙ্গুরকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না, এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণে মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুত্তোষিকের এবং, যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সেক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তৃব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিশেষজ্ঞ করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) উপ-বিধি (৫) এর অধীনে মঙ্গুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য প্রণৱে বেতন, এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অধী-বেতন।

(৮) এই বিধির অন্যান্য বিধানসভার প্রযোজন কর্তৃব্য ক্ষেত্রে সম্পূর্ণারিত করা যাইতে পারে, যিনি তাহার বিধানসভার প্রযোজন কর্তৃব্য পালনকালে, বা উহার প্রযোজন কর্তৃব্য পালনকালে, অথবা তাহার পদে অধিকারী থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আবাসনপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তৃব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুর্ণি বৈভূতিক অসুস্থিতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থিতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

২৫। সংগ্রোধ ছুটি—(১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংজ্ঞামক বাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপর্যুক্ত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তব্য নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইতে সংগ্রোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোন চিকিৎসা-কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের তৈরি অন্তর্ভুক্ত ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় অন্তর্ভুক্ত ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঙ্গুর করিতে পারেন।

(৩) সংগৰোধের জন্য উপ-বিধি (২) এ উচিলখিত মেয়াদের অর্তিরক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপস্থৃত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই বিধিমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করিয়াও মঙ্গল করা যাইতে পারে।

(৫) সংগৰোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বিলম্ব গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংত্রামক বাধিতে আঞ্চলিক হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৬। প্রস্তুত ছুটি—(১) কোন কর্মচারীকে প্রণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রস্তুত ছুটি মঙ্গল করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুত ছুটি মঙ্গলীর অন্তর্বোধ কোন নির্বাচিত চীকাঙ্কে কর্তৃক সমর্থিত হইলে, উপস্থৃত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্তি অন্য যে কোন ছুটির সহিত একযোগে বা উহা সম্প্রসারিত করিয়া মঙ্গল করা যাইতে পারে।

(৩) ওয়াকফ প্রশাসনে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দইবারের অধিক প্রস্তুত ছুটি মঙ্গল করা যাইবে না।

২৭। অবসর প্রস্তুতি ছুটি—(১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত প্রণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটক্রম বৎসর বয়স-সীমা অতিক্রমের পরে উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক মাস প্রবেশ অবসর প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন প্রবেশ অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৮। অধ্যয়ন ছুটি—(১) ওয়াকফ প্রশাসনে তাহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ সামাজিক অধ্যয়ন বা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ অর্ধ-বেতনে অনধিক বার মাস অধ্যয়ন ছুটি মঙ্গল করিতে পারে, এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যেক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঙ্গল করা হয় এবং তিনি প্রবর্তীকালে দৈখিতে পান যে, মঙ্গলীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ পর্যাক্রম জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের স্বল্পতা প্রবণকল্পে উপস্থৃত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করতে পারেন।

(৩) প্রণ বেতনে বা অর্ধ-বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত এককে অধ্যয়ন ছুটি মঙ্গল করা যাইতে পারে, তবে এইরূপ মঙ্গলীকৃত ছুটি কোনক্রমেই একত্রে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৯। নৈমিত্তিক ছুটি—সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট বর্তদিন ছুটি নির্ধারণ করিবে ওয়াকফ প্রশাসনের কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

৩০। ছুটির পদ্ধতি—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব ওয়াকফ প্রশাসন কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন ওয়াকফ প্রশাসন কর্তৃক নির্ধারিত ক্রমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মসূচি আছেন তাহার সংপারিশক্তিমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্চের করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা বাসি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মসূচি কর্মচারীর ছুটি পাওনা রাখাছে, তবে তিনি, আন্তর্ণানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে অন্তর্ভুক্ত ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

৩১। ছুটিকালীন বেতন—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অধৃত বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অধৃত হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

৩২। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো—ছুটি ভোগরাত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অন্তর্প্রভাবে তলব করা হইলে তিনি যে কর্মসূচিতে ফিরিয়া আসবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তাৰিখ হইতে তাহাকে কর্মসূচি বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে প্রমগের জন্য বিধি ৩৪ অনুসারে তিনি প্রমগ ভাতা ও অনান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩৩। ছুটির নগদায়ন—(১) যে কর্মচারী অবসর ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ও অবসরজনিত সংবিধান পরিকল্পন চালত হওয়া সত্ত্বেও উক্ত পরিকল্পনের সংবিধা গ্রহণের জন্য বিধি ৫৪-এর অধীন ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পর্কে চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভোগকৃত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ রূপান্তরিত টাকার মোট পরিমাণ তাহার বারা মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চালিবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপর্যুক্ত (১) উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

প্রমগ অধ্যায়

প্রমগ ভাতা, ইত্যাদি

৩৪। ওয়াকফ প্রশাসনের কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনাত্মক বা বদলী উপলক্ষে প্রমগ কালে যে প্রমগ ভাতা ও দৈনিক ভাতা পাইবেন উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রধীনত বিধি দ্বারা নির্ধারিত হইবে।

৩৫। সম্মানী, ইত্যাদি।— (১) ওয়াকফ প্রশাসন উহার কোন কর্মচারীকে সাময়িক প্রক্টির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যাবধভাবে সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে।

(২) ওয়াকফ প্রশাসক কর্তৃক এতদৃদেশো গঠিত কর্মটি কর্তৃক স্পৰ্মারশকৃত না হইলে উপ-বিধি (১) এর অধীন কোন সম্মানী বা পুরস্কার মঞ্চন করা হইবে না।

৩৬। দায়িত্ব ভাতা।— কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অর্তিরক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিসে, তাহার মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে তাহাকে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩৭। উৎসব ভাতা ও বোনাস।— সরকার কর্তৃক এতদৃদেশো সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক ওয়াকফ প্রশাসনের কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরী ব্যৱস্থা

৩৮। চাকুরীব্যৱস্থা।— (১) প্রত্যেক কর্মচারী চাকুরীর ব্যৱস্থা গ্রথক প্রথকভাবে নিরোগ-কারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদৃদেশো কর্তৃপ্রাপ্ত কর্মকর্ত্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে নির্পিবন্ধ বিবর্যাদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় দৃঢ়িপূর্ণ ভাবে নির্পিবন্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিবর্যাটি লিখিতভাবে কর্তৃপ্রাপ্ত কর্মকর্ত্তার দণ্ডিগোচর করিবেন, এবং উক্ত কর্মকর্ত্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৯। বার্ষিক প্রতিবেদন।— (১) ওয়াকফ প্রশাসন ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কীত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষক্ষেত্রে প্রয়োজন-বোধে ওয়াকফ প্রশাসন ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদনকারী কর্তৃকর্ত্তার নিকট হইতে চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিবৃত মন্তব্য থাকিলে উহার কৈফিয়ৎ প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৪০। আচরণ ও শৃঙ্খলা—(১) প্রতোক কর্মচারী—

- (ক) এই বিধিমালা মানিয়া চলিবেন;
 - (খ) যে বাস্তু বা ব্যক্তিগৰ্ই এখানে, তছাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের স্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন; এবং
 - (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত ওয়াকফ প্রশাসনের চাকুরী করিবেন।
- (২) কোন কর্মচারী—
- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার 'সাহায্যার্থে' চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং ওয়াকফ প্রশাসনের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;
 - (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার প্র্ব-অনুমতি বাধিতেরকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
 - (গ) ওয়াকফ প্রশাসনের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন বাস্তু বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
 - (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
 - (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
 - (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব- অনুমোদন ব্যাধিতেরকে, বাহিরের কোন অবের্তনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
 - (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত কোন খণ্ডকালীন কার্বের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৩) কোন কর্মচারী ওয়াকফ প্রশাসনের বা সরকারের নিকট ব্যাস্তগত নিবেদন পেশ করিতে পারিবেন না। কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে ওয়াকফ প্রশাসন বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্যান্য প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ-সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।
- (৬) কোন কর্মচারী ওয়াকফ প্রশাসনের বিবরাদি সম্পর্কে উপর্যুক্ত কর্তৃপক্ষের 'প্র্ব- অনুমতি' ব্যতীত সংবাদ পত্র বা অন্য কোন গণ-গান্ধীয়ের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।
- (৭) প্রতোক কর্মচারী অভাসগত ঝণগুস্ততা পরিহার করিয়া চলিবেন।

৪১। দম্ভের ডিঞ্চি—কর্তৃপক্ষের মাত্র যদি কোন কর্মচারী,—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা
- (ঘ) অদৃশ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা
- (ঙ) নিম্নবর্গিত কারণে দুর্বীলিতপরায়ন হন বা ষষ্ঠিমঙ্গতভাবে দুর্বীলিতপরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা :—

 - (অ) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন বাস্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসঙ্গিতগুণ অথবাস্পন্দন বা সম্পর্ক দখলে রাখেন বা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যাখ্যা হন, অথবা
 - (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংজ্ঞানীয় না করিয়া জীবন ধাপন করেন, অথবা
 - (ঈ) চূরি, আঘাসাৎ, তহাবল তসরূপ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা
 - (ছ) ওয়াকফ প্রশাসন বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কোন কার্যে লিপ্ত হন, বা অন্তর্প্র কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার ষষ্ঠিমঙ্গত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য বাস্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার ষষ্ঠিমঙ্গত কারণ থাকে যে উক্ত অন্যান্য বাস্তিগুল ওয়াকফ প্রশাসন বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সম্ভবচীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আয়োগ করিতে পারে।

৪২। দণ্ডসম্মতি—(১) এই বিধির অধীনে নিম্নরূপ দণ্ডসম্মতি আয়োপযোগ্য হইবে, যথা :—

- (ক) নিম্নরূপ লঘুদণ্ড, যথা :—

 - (অ) তিরন্তকার,
 - (আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন সহিত।

- (খ) নিম্নরূপ গুরুদণ্ড, যথা :—

 - (অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;
 - (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত ওয়াকফ প্রশাসনের আধিক্যক ক্ষতির অংশবিশেষ বা সম্পর্ক তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায় করণ;
 - (ই) চাকুরী হইতে অপসারণ; এবং
 - (ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভৱিষ্যাতে ওয়াকফ প্রশাসনের চাকুরীতে নিয়ন্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪৩। ধৰ্মসম্বন্ধক কাৰ্য্যকলাপেৰ ক্ষেত্ৰে তদন্তেৰ পৰ্য্যটি—(১) বিধি ৪১ (ছ) এৱ অধীনে কোন কৰ্মচাৰীৰ বিৱৰণে কাৰ্য্যধাৰা সংচনা কৰাৰ ক্ষেত্ৰে, কৰ্তৃপক্ষ—

(ক) সংশ্লিষ্ট কৰ্মচাৰীকে লিখিত আদেশ দ্বাৰা উক্ত আদেশে উল্লিখিত তাৰিখ হইতে তাহাৰ প্ৰাপ্য কোন প্ৰকাৰ ছুটিতে শাইবাৰ জন্য নিৰ্দেশ দিতে পাৰেন;

(খ) লিখিত আদেশ দ্বাৰা তাহাৰ ব্যাপাৰে যে ব্যবস্থা গ্ৰহণেৰ প্ৰস্তাৱ কৰে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্ৰহণেৰ ভিত্তিসমূহ সম্পৰ্কে তাহাকে অবহিত কৰিবেন, এবং

(গ) উপ-বিধি (২) এৱ অধীনে গঠিত তদন্ত কমিটিৰ নিকট উক্ত কৰ্মচাৰীৰ বিৱৰণে প্ৰস্তাৱিত ব্যবস্থাৰ বিপক্ষে কাৱণ দৰ্শাইবাৰ জন্য তাহাকে ঘৃণ্ণিসংগত সূযোগ প্ৰদান কৰিবেন:

তাৰে শৰ্ত থাকে যে, যে ক্ষেত্ৰে কৰ্তৃপক্ষ এই মৰ্মে সন্তুষ্ট হয় যে, ওয়াকফ প্ৰশাসন বা জাতীয় নিৱাপনাৰ ব্যাৰ্থে তাহাকে অন্তৰ্ভুক্ত সূযোগ প্ৰদান সমৰ্চনীয় নহে, সেক্ষেত্ৰে তাহাকে অন্তৰ্ভুক্ত কোন সূযোগ প্ৰদান কৰা হইবে না।

